হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 21 JUNE 2025, SATURDAY । ২১ জুন ২০২৫, শনিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-309 PAGE । পৃষ্ঠা-4

## লালবাজার থেকে ছাড়া পেয়েই তৃণমূল সাংসদকে কটাক্ষ সুকান্তর



এই যুগ, কলকাতা,২০ জুন: লালবাজার থেকে ছাড়া পেয়েই তৃণমূল সাংসদ কে কটাক্ষ বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের।এদিন তিনি বলেন, তৃণমূল সাংসদের প্রতিবেশী চিকিৎসক রজতশুভ্র বন্দ্যোপাধ্যায় গ্রেফতার হয়েছেন। যে ব্যক্তি তাঁর নিজের প্রতিবেশি হতে পারে না, সেকি জনগণের হতে পারে? প্রশ্ন তুলেছেন তিনি। আমি পশ্চিমবঙ্গের মানুষের কাছে এই প্রশ্নটা করতে চাই, একজন সাংসদ যিনি তাঁর প্রতিবেশীর খবর রাখেন না, প্রতিবেশীকে গ্রেফতার করান, কী অজুহাতে পুলিশ এখনও পর্যন্ত জানাননি আমাকে কেন গ্রেফতার করা হয়েছে? এরপরই তিনি তীব্র কটাক্ষ করে বলেন, পিসির আঁচলের তলায় থেকে হাডুডু খেলতে বলুন। সকাল বেলায় জিমে গিয়ে ব্যায়াম করতে বলুন। এবং সাপ্লিমেন্ট খেতে বলুন ওই দিয়ে ওনার চলবে। আমি ওই বাড়িতে যাব। অবশ্যই আদালতের দ্বারস্থ হব। এদিনের লন্ডন প্রবাসী চিকিৎসকের বাড়ি যাওয়াকে ঘিরে রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের গ্রেফতারের ঘটনায় আলোড়ন সৃষ্টি হয়েছে সেটা বলাই বাহুল্য।

## ১৫ টি চোরাই বাইক সহ গ্রেপ্তার দুইজন ফালাকাটায়



মলয় দেবনাথ,এই যুগ,আলিপুরদুয়ার,২০ জুন: বৃহস্পতিবার রাতে ফালাকাটার নরসিংহপুরে অভিযান চালিয়ে ১৫ টি চোরাই বাইকসহ দুই বাইক চোরকে গ্রেফতার করে পুলিশ। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে গোটা ফালাকাটা ব্লকে। ধৃতরা হল ফালাকাটার শিবনাথপুরের কৈলাস বর্মন এবং আলিপুরদুয়ারের ভোলার ডাবরির তপন মাহাতো। ফালাকাটা থানায় শুক্রবার ওই ঘটনা নিয়ে সাংবাদিক বৈঠক করেন জয়গাঁর অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র দাস। সাংবাদিক বৈঠকের পর এদিন দুই বাইকচোরকে আদালতে পাঠায় পুলিশ। অতিরিক্ত পুলিশ সুপার জানান, এরা কোন জায়গা থেকে কিভাবে মোটরবাইকগুলি চুরি করেছিল তা জানতে তদন্ত করা হবে। পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে ধৃত সাথে দুই বাইক চোরকে পাঁচ দিনের জন্য পুলিশ রিমান্ডে নেওয়া হয়েছে জানাই গেছে ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্যের কাছ থেকে।

## এসএসসির গ্রুপ সি ও ডি কর্মীদের ভাতা দেওয়ার সিদ্ধান্ত খারিজ কলকাতা হাইকোর্টে



এই যুগ, কলকাতা,২০ জুন: কলকাতা হাইকোর্ট শুক্রবার স্কুল সার্ভিস কমিশনের চাকরিহারা গ্রুপ সি এবং গ্রুপ ডি কর্মীদের রাজ্য সরকারের ভাতা দেওয়ার সিদ্ধান্ত খারিজ করে দিয়েছে। কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছেন যে, পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত রাজ্য সরকার এই চাকরিচ্যুত কর্মীদের কোনও ভাতা দিতে পারবে না। এই রায় রাজ্যের ২৬ হাজারেরও বেশি চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের মধ্যে ফের আলোড়ন সৃষ্টি করেছে। প্রসঙ্গত, সুপ্রিম কোর্টের নির্দেশে ২০১৬ সালের এসএসসি প্যানেলের প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল হওয়ার পর রাজ্য সরকার চাকরিহারা গ্রুপ সি কর্মীদের জন্য প্রতি মাসে ২৫ হাজার টাকা এবং গ্রুপ ডি কর্মীদের জন্য ২০ হাজার টাকা করে ভাতা দেওয়ার কথা ঘোষণা করেছিল। এই প্রকল্পের নাম দেওয়া হয়েছিল 'ওয়েস্ট বেঙ্গল লাইভলিহুড অ্যান্ড সোশ্যাল সিকিউরিটি ইন্টারিম স্কিম ২০২৫'। সরকারের তরফে জানানো হয়, আদালতে মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই ভাতা দেওয়া হবে। রাজ্য সরকারের এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টে একাধিক মামলা দায়ের হয়। মামলাকারীদের যুক্তি ছিল, সুপ্রিম কোর্টের রায়ে যাঁদের নিয়োগ অবৈধ ঘোষিত হয়েছে, তাঁদের এভাবে জনগণের টাকায় ভাতা দেওয়া আইনত ভুল। মামলাকারীদের আইনজীবী গোপা বিশ্বাস এবং বিকাশরঞ্জন ভট্টাচার্য আদালতে সওয়াল করেন যে, রাজ্য সরকারের এই সিদ্ধান্ত সুপ্রিম কোর্টের রায়ের পরিপন্থী। শুক্রবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা রায় ঘোষণা করে রাজ্য সরকারের ভাতা দেওয়ার সিদ্ধান্তে অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেন। আগামী ২৬ সেপ্টেম্বর পর্যন্ত এই অন্তর্বর্তী রায় বহাল থাকবে। এই রায়ের ফলে আপাতত চাকরিহারা গ্রুপ সি এবং গ্রুপ ডি কর্মীরা এই ভাতা থেকে বঞ্চিত থাকবেন।

## কেন্দ্রীয় বঞ্চনার জন্য পলি সমস্যা ব্যারেজে,অভিযোগ সেচমন্ত্রীর



এই যুগ, পশ্চিম বর্ধমান,২০ জুন: এবার দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ ধাপে ধাপে বাড়ানো হচ্ছে। আজ শুক্রবার ৪১ হাজার ৬০০ কিউসেক জল ছাড়া হয়েছে। এর ফলে পার্শ্ববর্তী এলাকা জলমগ্ন হয়ে পড়ার আশঙ্কা। কেন্দ্রীয় বঞ্চনার জন্য পলি সমস্যা দুর্গাপুর ব্যারেজে। এলাকায় গিয়ে এদিন অভিযোগ করেন সেচমন্ত্রী মানস ভুঁইয়া।

## জেলার কথা

# পুরুলিয়ায় মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত ৯




এই যুগ , পুরুলিয়া ,২০ জুন : শুক্রবার সকালে পুরুলিয়ায় মর্মান্তিক পথ দুর্ঘটনায় অন্তত ৯ জনের মৃত্যু হয়েছে। একটি ট্রাক ও একটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে এই মর্মান্তিক ঘটনাটি ঘটেছে।পুলিশ সূত্রে খবর , পুরুলিয়া-বলরামপুর ১৮ নম্বর জাতীয় সড়কের নামশেলের কাছে শুক্রবার সকালে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনায় নিহত ৯ জনই অন্য রাজ্যের বাসিন্দা। তাঁরা ঝাড়খণ্ডের নিমডি এলাকার বাসিন্দা ছিলেন বলে প্রাথমিকভাবে জানা গিয়েছে।প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন , একটি বোলেরো গাড়ির সঙ্গে ট্রাকের মুখোমুখি সংঘর্ষের ফলে এই দুর্ঘটনা ঘটেছে। মনে করা হচ্ছে , বোলেরো গাড়িতে থাকা সকল যাত্রীই মারা গিয়েছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## কাগজের নৌকা

২১ জুন ২০২৫ , শনিবার

### ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন , বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায় ।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন ,সময় করে না ছোটে,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,
আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

# মাদকমুক্ত সমাজ গড়ার উদ্যোগ জেলা পুলিশের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জুন : মাদকমুক্ত সমাজ গড়তে আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে খোয়ারডাঙ্গা জলনেশ্বরী হাই স্কুলে আলোচনা শিবির অনুষ্ঠিত হল। যুব সমাজকে মাদকের কুপ্রভাব থেকে রক্ষা করতে এবং সচেতনতার প্রচার করতেই আলিপুরদুয়ার জেলা পুলিশের এই প্রচেষ্টা যার নাম দেওয়া হয়েছে 'স্যাটার দ্য সাইলেন্স' । স্কুলে এই ধরনের কর্মসূচি করার কারন হল আগামীদিনের ভবিষ্যত হল এই ছাত্র-ছাত্রীরা। আবার অনেক ক্ষেত্রেই দেখা যায় স্কুল স্তর থেকে মাদকের নেশায় আসক্ত হয়ে পরে অনেকেই ।এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলার ডিএসপি(ডিআইবি) বিশ্বজিৎ মজুমদার , কামাখ্যাগুড়ি পুলিস ফাঁড়ির ওসি প্রদীপ মন্ডল ,বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিরুপ বসুমাতা সহ অন্য পুলিশকর্মী এবং বিদ্যালয়ের শিক্ষক- শিক্ষিকারা।স্কুলের নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা অংশ গ্রহণ করে , ছাত্রীরা সবাই স্কুলের কন্যাশ্রী ক্লাবের সদস্যা।অনুষ্ঠানে ছাত্র- ছাত্রীর উৎসাহ লক্ষ্য করা যায়।

# যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ আলিপুরদুয়ার জেলা আদালতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জুন : ২০১৫ সালে জয়গাঁর এক হত্যাকাণ্ডের ঘটনায় যাবজ্জীবন কারাদণ্ড হল ভরত লামা নামে এক ব্যক্তির। সে দুলে লামা নামের এক ব্যক্তির হত্যা করেছিল বলে অভিযোগ। ২০১৫ সালে ৩ সেপ্টেম্বর জয়গাঁর এক এলাকায় ভারত এবং কালু লামার ঝামেলা চলছিল। সেই সময় ঠুলে লামা সেই অশান্তি শান্ত করতে গেলে ভারত লামা তার উপর ধারালো অস্ত্র নিয়ে চড়াও হয়।তার শরীরের বিভিন্ন অঙ্গে কোপানো হয় বলে অভিযোগ। এরপর ঠুলে লামা সেখানে লুটিয়ে পরে। খবর দেওয়া হয় তার মেয়ে ভাবনা লামাকে। বাবার এই পরিস্থিতি দেখে প্রথমে তাঁকে লতাবাড়ি গ্রামীণ হাসপাতাল , পরবর্তীতে জলপাইগুড়ি হাসপাতাল নিয়ে যাওয়া হয়। ক্ষত গভীর হওয়ার কারণে ঠুলে লামা ঘটনার পরের দিন মারা যান। এরপর তার মেয়ে ভাবনা অভিযোগ দায়ের করে ন জয়গাঁ থানায়। ১৬ জনের সাক্ষের ভিত্তিতে পুলিশ গ্রেফতার করে ভারত লামাকে। এদিন এই মামলা ওঠে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ পরেশ চন্দ্র কর্মকারের আদালতে। পি পি , নম্রতা পট্টদার জানান , "১৬ জনের সাক্ষ পাশাপাশি অন্যান্য প্রমান মিলিয়ে ভারত লামাকে অপরাধী হিসেবে গণ্য করেছে আদালত। তাঁকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে।"

# ২৬ শে জুন শামুকতলায় আসবেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জুন : আগামী ২৬ শে জুন শামুকতলা হাট শেডের উদ্বোধন করবেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের বিভিন্ন আধিকারিকরা হাট শেড পরিদর্শন করলেন। আধিকারিকদের কাছ থেকে জানা গেছে প্রায় তিন কোটি টাকা ব্যয় করে শামুকতলা হাটের উন্নয়ন করা হয়েছে। শামুকতলা হাট শেড উদ্বোধনের পাশাপাশি তুরতুরি রায়ডাক ও খোয়ার ডাঙ্গা এলাকার তিনটি রাস্তার উদ্বোধন করবেন তিনি এমনটাও জানা গেছে আধিকারিকদের সঙ্গে কথা বলে।


RNI : WBBEN/2020/81746

# পুলিশের উদ্যোগে মাদক বিরোধী সচেতনতা কর্মসূচি উচ্চ বিদ্যালয়ে



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২০ জুন : আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে শুক্রবার সলসলাবাড়ি মডেল উচ্চ বিদ্যালয়ে আয়োজিত হয় মাদক বিরোধী কর্মসূচি। স্কুলের নবম , দশম , একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্র ছাত্রীদের নিয়ে এই কর্মসূচিতে মাদকের কুপ্রভাব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন কর্মসূচিতে উপস্থিত পুলিশের আধিকারিকগন। জানা গেছে যুব সমাজকে মাদকের কবল থেকে মুক্ত রাখতে আলিপুরদুয়ার জেলা পুলিশ এক কর্মসূচি শুরু করেছে বৃহস্পতিবার থেকে। এই কর্মসূচির নাম দেওয়া হয়েছে "শ্যাটার দ্য সাইলেন্স।" এই কর্মসূচি অনুসারে জেলার প্রতিটি উচ্চ বিদ্যালয়ে ছাত্র ছাত্রীদের মধ্যে মাদক বিরোধী সচেতনতা প্রচার করা হবে আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশী জানান স্কুল থেকেই মাদকে হাতে খড়ি হয় তরুন তরুনীদের। একারনেই পুলিশের উদ্যোগে এই কর্মসূচি গ্রহন করা হয়েছে। পুলিশ এর আধিকারিকগন সহ পুলিশ কর্মীরা পর্যায়ক্রমে জেলার স্কুল গুলিতে যাবেন ও ছাত্র ছাত্রীদের সামনে মাদক কুপ্রভাব সম্পর্কে প্রচার সহ কুইজের মাধ্যমে তাদের সচেতন করবেন। শুক্রবার সলসলাবাড়ি মডেল উচ্চ বিদ্যালয়ে এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার মহকুমা পুলিশ আধিকারিক এস পি শ্রী নিবাস , আলিপুরদুয়ার থানার আই সি অনির্বান ভট্টাচার্য সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন।

# পাচারের পথে উদ্ধার ব্রাউন সুগার সহ মোটর বাইক ,ধৃত যুবক




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি ,২০ জুন : পাচারের পথে ব্রাউন সুগার সহ এক যুবককে আটক করলো সশস্ত্র সীমা বলের জওয়ানরা। জানা গেছে বৃহস্পতিবার রাতে ঘোষপুকুর খড়িবাড়ি রাজ্য সড়কে মোটরসাইকেল চালিয়ে আসা সন্দেহভাজন এক যুবককে আটক করে সশস্ত্র সীমা বলের জওয়ানরা। তল্লাশীতে মোটর সাইকেল এর ডিকি থেকে উদ্ধার হয় দুশো চার গ্রাম ব্রাউন সুগার। সশস্ত্র সীমা বলের জওয়ানরা আটক যুবককে মোটরসাইকেল সহ খড়িবাড়ি থানার পুলিশ এর হাতে তুলে দেয়। খড়িবাড়ি থানার পুলিশ উদ্ধার করা ব্রাউন সুগার , মোটরসাইকেল বাজেয়াপ্ত করে যুবকের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে শুক্রবার ধৃতকে শিলিগুড়ি আদালতে পেশ করে। ধৃত মাদক পাচারে যুক্ত , তার সাথে আরও কেউ আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ। ধৃতের নাম চঞ্চল শিকদার , দক্ষিন দিনাজপুর জেলার গঙ্গারামপুরের বাসিন্দা।

# ব্লাড ব্যাংকে কড়া নজরদারি স্বাস্থ্য দপ্তরের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ জুন : আলিপুরদুয়ার ব্লাড ব্যাংকের পাশে নজরদারি চালানো স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তারা এমনটাই জানা গেছে শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ স্বাস্থ্যকর্তার কাছ থেকে। মুমূর্ষ রোগীদের বাঁচাতে রক্তের জন্য মোটা অংকের টাকা নাও হচ্ছে। রক্ত নিয়ে যেন কোনরকম জালিয়াতি না হয় তাই ব্লাড ব্যাংকের বাইরে নজরদারি জোরদার করল স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তারা।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।